রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৫ সনের ৩২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৭, ২০২৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৪১—৬৫৫ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০০৯—১০৩২ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৫৩—১০৬৮ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১২ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৬৪**—যেহেতু, জনাব মোঃ রওশানুল হক সৈকত, পিপিএম (বিপি-৮৬১৪১৬৬৩৩৩), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, তেজগাঁও বিভাগ, ডিএমপি, ঢাকা র‍্যাবে বদলির আদেশপ্রাপ্ত) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২৫-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ রওশানুল হক সৈকত, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও ২(চ) অনুযায়ী "অসদাচরণ ও পলায়ন (Desertion)" এর শাস্তিযোগ্য অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ২৫-০৮-২০২৪ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৬৫**—যেহেতু, জনাব মোঃ গোলাম রুহানী, পিপিএম (বিপি-৯১১৮২২০৫৯৩), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১১-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ গোলাম রুহানী, পিপিএম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) অনুযায়ী পলায়ন (Desertion)" এর শামিল এবং বিধি ৩(গ) অনুসারে শাস্তিযোগ্য অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১১-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো ।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৬৬**—যেহেতু, জনাব মফিজুর রহমান পলাশ, (বিপি-৯১১৬১৭৮৩৯৮), সহকারী পুলিশ কমিশনার (ট্রাফিক মিরপুর জোন), ডিএমপি, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মফিজুর রহমান পলাশ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ০৬-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৬৭**—যেহেতু, জনাব মোঃ তৌহিদুল ইসলাম, বিপিএম (বার), (বিপি-৮৫১৩১৬৬১৮৪), অতিরিক্ত পুলিশ সুপার, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১০-০৯-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোঃ তৌহিদুল ইসলাম, বিপিএম (বার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১০-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো ।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/১৫ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৮৯**—যেহেতু, জনাব হাসানুজ্জামান মোল্যা (বিপি-৮৩১০১২৬৯৩২), অতিরিক্ত পুলিশ সুপার, (সুপারনিউমারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), ডিআইজি এপিবিএন (পার্বত্য জেলাসমূহ) এর কার্যালয়, রাঙ্গামাটি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ১২-০২-২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব হাসানুজ্জামান মোল্যা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুসারে পলায়নের অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১২-০২-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো ।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৬৯০**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুর রহমান, (বিপি-৯০২১২৩৭৭৫৫), সাবেক সহকারী পুলিশ কমিশনার গোয়েন্দা রমনা বিভাগ বর্তমানে ডিএমপি সদর দপ্তরে সংযুক্ত আছেন। তিনি সহকারী পুলিশ কমিশনার (টিম লিডার, সংঘবদ্ধ অপরাধ ও গাড়ী চুরি টিম) গোয়েন্দা রমনা বিভাগে থাকাকালে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ শেরেবাংলা নগর থানার মামলা নং-১(২)২৫, ধারা-৪০৬/৪২০ পেনাল কোড এর আসামি গ্রেফতার ও আলামত উদ্ধারের নামে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অসৎ উদ্দেশ্যে ০৭-০২-২০২৫ তারিখ নড়াইল জেলার ভাওয়া এলাকায় গমন করেন। ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে অর্থ আত্মসাতের অভিযোগে আসামি মোঃ আলিমুজ্জামান সৈকতকে আটক করে তার বাসা তল্লাশী করে ২৭ লক্ষ টাকা বিধি বর্হির্ভূতভাবে নিজ হেফাজতে নেন। পরবর্তীতে এ বিষয়ে জিজ্ঞাসাবাদে তিনি ২২ লক্ষ টাকার কথা স্বীকার করেন। ঘটনাস্থলে মামলা সম্পর্কিত প্রযুক্তিগত আলামত (পিসি, ল্যাপটপ ও অনুরূপ সরঞ্জাম) থাকা সত্ত্বেও শূন্য জব্দ তালিকা তৈরি করেন। তিনি ০৭-০২-২০২৫ তারিখ রাত অনুমান ১১:০০ ঘটিকায় আসামি মোঃ আলিমুজ্জামান সৈকতকে আটক করা ও পরে ছেড়ে দেয়ার বিষয়টি গোপন রাখেন। পরবর্তীতে তিনি মোঃ আলিমুজ্জামান সৈকতের সাথে হোয়াটস অ্যাপের মাধ্যমে ব্যক্তিগতভাবে যোগাযোগের বিষয়ে মিথ্যা তথ্য প্রদান এবং নিজেকে নির্দোষ প্রমাণের চেষ্টা করেন। তার এহেন আচরণ "অসদাচরণ (Misconduct)" এর শামিল ও শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, জনাব মোঃ সাজ্জাদুর রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুসারে "অসদাচরণ (Misconduct)" এর অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ১৩-০৭-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৭০২**—যেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল হোসাইন, বিপিএম-সেবা, (বিপি-৮১০৮১২১৬৩৮), পুলিশ সুপার, বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত (প্রাক্তন উপ-পুলিশ কমিশনার, ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকা) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গত ২৮-০৮-২০২৪ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

সেহেতু, জনাব মোহাম্মদ ইকবাল হোসাইন, বিপিএম-সেবা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(চ) অনুযায়ী পলায়ন (Desertion)" এর শামিল এবং বিধি ৩(গ) অনুসারে শাস্তিযোগ্য অপরাধে অভিযুক্ত হওয়ায় বিধি ১২ উপবিধি (১) অনুযায়ী গত ২৮-০৮-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১-৭০৩**—যেহেতু, জনাব অনির্বান চৌধুরী, বিপিএম (বিপি-৮৫১২১৪৭৭৭৮), অতিরিক্ত পুলিশ সুপার (ট্রাফিক), রাঙ্গামাটিকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর Memo No: Anto: Apo: Tri:-1/442/2025, Date: 13-04-2025 & ICT-BD Misc Case No. 16 of 2025 এর ওয়ারেন্টমূলে গত ১৩-০৪-২০২৫ তারিখ গ্রেফতারপূর্বক ডিবি, ডিএমপি, ঢাকা কর্তৃক হেফাজতে নেওয়া হয়। অতঃপর তাকে বিজ্ঞ আদালতে উপস্থাপন করা হয়।

সেহেতু, জনাব অনির্বান চৌধুরী, বিপিএম-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সালের ৫৭ নং আইন) এর ৩৯(২) ধারার বিধান অনুযায়ী ১৩-০৪-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন তিনি চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

**সংস্থা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৫৬.০০.০০০০.০০০.০৫৬.২৮.০০০১.২৪.৮৪**—এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ (২০২৩ সনের ২০ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে নবগঠিত এজেন্সি টু ইনোভেট (এটুআই) এর পরিচালনা পর্ষদ এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ৭ মোতাবেক নিম্নরূপে পুনর্গঠন করা হলো :

(ক) পরিচালনা পর্ষদ গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

**সভাপতি**

১. মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**সদস্যবৃন্দ**

২. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়

৩. সচিব, অর্থ বিভাগ

৪. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৬. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৭. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৮. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ

৯. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)

১০. সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)

১১. সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রভাইডার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)

১২. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কনট্যাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)

১৩. সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)

১৪. ব্যবস্থাপনা পরিচালক, স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড

১৫. ড. রায়হানা শামস ইসলাম, প্রফেসর, পদার্থ বিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৬. ড. সাজ্জাদ হোসেন, প্রফেসর, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

১৭. জনাব আয়মান সাদিক, প্রতিষ্ঠাতা, টেন মিনিট স্কুল

**সদস্য-সচিব**

১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, এজেন্সি টু ইনোভেট (এটুআই)

**(খ) পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কার্যাবলি :**

১. এজেন্সি পরিচালনা কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট কৌশলপত্র ও নির্দেশনা প্রণয়নের উদ্যোগ অনুমোদন;

২. এজেন্সির কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;

৩. জাতীয়, আঞ্চলিক বা আন্তর্জাতিক সংস্থা, বিনিয়োগকারী ও প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের সহিত চুক্তি অনুমোদন;

৪. এজেন্সির কল্যাণ ও সুবিধার্থে ঋণ, মঞ্জুরি বা অনুদান গ্রহণের অনুমোদন;

৫. এজেন্সির স্থাবর ও অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনার জন্য আনুষঙ্গিক ব্যয়, ফি ও চার্জ অনুমোদন;

৬. এজেন্সির জনবল নিয়োগ এবং বাজেট প্রণয়নের উদ্যোগ গ্রহণের অনুমোদন; এবং

৭. কোনো সুনির্দিষ্ট বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য নির্বাহী কমিটিকে নির্দেশনা প্রদান এবং অনুমোদন।

(গ) এজেন্সি টু ইনোভেট (এটুআই) আইন, ২০২৩ এর ধারা ৭(৩) মোতাবেক পরিচালনা পর্ষদের ১৫, ১৬ ও ১৭ নং সদস্যগণ মনোনয়নের তারিখ হতে পরবর্তী ০৩ বছর স্বীয় পদে বহাল থাকবেন।

(ঘ) পরিচালনা পর্ষদের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে এবং প্রতি বছর পরিচালনা পর্ষদের অন্যূন ০২টি সভা অনুষ্ঠিত হবে।

(ঙ) সভাপতি পরিচালনা পর্ষদের সকল সভায় সভাপতিত্ব করবেন। তবে তাঁর অনুপস্থিতিতে সভাপতি কর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

(চ) সচিব বলতে সিনিয়র সচিবও বুঝাবে।

(ছ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবু নাছের**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রিয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/১৫ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৩১১**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১(১)(ঙ) অনুযায়ী জনাব মোঃ ফরহাদুল ইসলাম ভূঞা-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ডে পরিচালক হিসেবে বোর্ডে তাঁর যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ শ্রাবণ ১৪৩২/২০ জুলাই ২০২৫

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৮.২৪-১৭৪**—যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা এর বিরুদ্ধে সাবেক কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, দূর্গাপুর, নেত্রকোণা কর্মকালে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, কৈফিয়ত তলব করলে তার সন্তোষজনক জবাব দাখিল না করা, অফিস স্টাফদের নিকট হতে ও ঘূর্ণায়মান তহবিলের আদায়কৃত অর্থ হতে প্রায়ই ধার নেয়া, সমাজসেবা অধিদপ্তরের স্মারক-৪১.০১.০০০০.০০৮.১৯.০১৩.১২.১১৫, তারিখ : ১৯-০২-২০২৪ মোতাবেক উপজেলা সমাজসেবা কার্যালয় মোহনগঞ্জ, নেত্রকোণায় বদলি করা হলে যোগদান না করার অভিযোগ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকোণা কর্তৃক আনয়ন করা হয়;

২। যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের স্মারক ৪১.০১.০০০০. ০১৪.২৭. ০৩৬. ২৪. ১৩২ তারিখ ১৬-০৫-২০২৪ মোতাবেক সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নেত্রকাণাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক স্মারক - ৪১.০১.৭২০০.০০০.২৭.০০১.২৪.২৮৩ তারিখ ০৫-০৬-২০২৪ মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন আপনার বিরুদ্ধে কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়াই কর্মস্থলে প্রায়শই অনুপস্থিত থাকায় অফিসের কার্যক্রম ব্যাহতসহ সেবাগ্রহীতাগণের সেবা প্রদান হতে বঞ্চিত করা, কৈফিয়ত তলব করলে তার সন্তোষজনক জবাব দাখিল না করা, সংশ্লিষ্ট কার্যালয়ের ইউনিয়ন সমাজকর্মী জনাব মোঃ বাবুল মিয়া ও ব্যবসায়ী জনাব অমিত সাহা, উপজেলা পরিষদ মোড় এর নিকট হতে ব্যক্তিগত ও ঘূর্ণায়মান তহবিলের টাকা ধার নিয়ে সময়মত পরিশোধ করেননি যা অশোভনীয়। নীতিমালা বহির্ভূতভাবে অফিসের বিভিন্ন ক্ষুদ্রঋণ খাতের অর্থ উত্তোলন করে বিতরণ না করার অভিযোগ প্রমাণিত হয়েছে;

৩। যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা এর বিরুদ্ধে সাবেক কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, দূর্গাপুর, নেত্রকোণায় কর্মরত থাকা অবস্থায় সরকারি অর্থ আত্মসাৎ, বিভিন্ন আর্থিক অনিয়ম এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ সুপারিশ করেছেন;

৪। যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা এর বিরুদ্ধে আনীত অভিযোগ ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও পর্যালোচনান্তে দেখা যায়, জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) (গ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ, পলায়ন ও দুর্নীতি পরায়ণ" সম্পর্কিত অভিযোগের সত্যতা রয়েছে;

৫। সেহেতু, সার্বিক ঘটনার প্রেক্ষাপট ও অপরাধের গুরুত্ব বিবেচনায় জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪ (২) (ক) বিধি অনুযায়ী "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মহিউদ্দিন**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩২/২২ জুলাই ২০২৫

নং **৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১ (অংশ-১).১৪০**—ঔষধ ও কসমেটিকস্ আইন-২০২৩ এর ৬৬ ধারা এবং জাতীয় ঔষধ নীতি-২০১৬ এর নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত ফার্মাকোভিজিল্যান্স কার্যক্রম পরিচালনা এবং ঔষধ ও ভ্যাকসিন ব্যবহারের ফলে কোন পার্শ্ব বা বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হলে Adverse Drug Reaction (ADR)/ Adverse Event Following Immunization (AEFI) রিপোর্টসমূহ নিয়মিতভাবে ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করার লক্ষ্যে দেশের সকল সরকারি ও বেসরকারি একশত বেড বা তদূর্ধ্ব বেড হাসপাতালের পরিচালক/তত্ত্বাবধায়কগণ-কে নিম্নরূপভাবে "হাসপাতাল ফার্মাকোভিজিল্যান্স" কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করা হলো।

| নং | নাম ও পদবি | বিভাগের নাম | মোবাইল নং | |
|---|---|---|---|---|
| ১. | পরিচালক/তত্ত্বাবধায়ক (একশত বেড বা তদূর্ধ্ব বেড এর হাসপাতাল) | | | সভাপতি |
| ২. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | ফার্মাকোলজি বিভাগ | | সদস্য |
| ৩. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | মেডিসিন বিভাগ | | সদস্য |
| ৪. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | চর্ম ও যৌন বিভাগ | | সদস্য |
| ৫. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | শিশু বিভাগ | | সদস্য |
| ৬. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | সার্জারি বিভাগ | | সদস্য |
| ৭. | বিভাগীয় প্রধান/প্রতিনিধি | গাইনোকলজি বিভাগ | | সদস্য |
| ৮. | ফার্মাসিস্ট | ফার্মাসিস্ট | | সদস্য |
| ৯. | নার্সিং/ ডেপুটি নার্সিং সুপারিটেনডেন্ট | নার্সিং | | সদস্য |
| ১০. | আবাসিক মেডিকেল অফিসার/ রেজিস্ট্রার | | | সদস্য সচিব |

কার্যপরিধি :

(ক) ঔষধ ও ভ্যাকসিন ব্যবহারের ফলে হাসপাতালে কোন রোগীর পার্শ্ব বা বিরূপ প্রতিক্রিয়া হয় কিনা তা নিয়মিতভাবে মনিটরিং এবং পেশেন্ট সেফটি নিশ্চিত করার জন্য হাসপাতালের মাসিক সভায় আলোচনা করতে হবে;

(খ) কোন সিরিয়াস ADR/AEFI পাওয়া গেলে তা অনলাইনে; https://pvimsdashboard.com/yellow/card;/ ইমেইলেঃ (adrmcell.dgda@gmail.com)/ডাকযোগেঃ পরিচালক (ফার্মাকোভিজিল্যান্স), ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ বরাবর রিপোর্ট প্রেরণ করতে হবে;

(গ) কোন সিরিয়াস ADR/AEFI এর ক্ষেত্রে Investigation করতঃ প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা করতে হবে;

(ঘ) ফার্মাকোলজি বিভাগ/ মেডিসিন বিভাগের প্রতিনিধিকে ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন প্রদানপূর্বক তার মোবাইল নং এবং ইমেইল এড্রেসসহ ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অবহিত করতে হবে; এবং

(ঙ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্তি/কো-অপ্ট করতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭৭.২২.২৮১**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১২৪৭৬ লে. শাহরিন নূর ঐশী, ইএমই-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩ (এ), ২৬১ এবং ২৬৯(বি) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ শ্রাবণ ১৪৩২/১৭ জুলাই ২০২৫

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৩.২০২৫-৪৪৫**—যেহেতু, জনাব মোঃ তানভীর ভূঞা, (বিপি-৭৩০৫১০৫২৬৪) সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চল বর্তমানে নৌ-পুলিশ, চট্টগ্রাম অঞ্চলে সংযুক্ত আছেন। তিনি গত ১৬-০৮-২০২২ খ্রিঃ নৌ-পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চলে যোগদান করেন। অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চলে কর্মরত থাকাকালীন এএসআই (নিরস্ত্র) মোহাম্মদ এনামুল হক, বিপি-৮৯১০১২৭২৬৬, এসবি, ঢাকা (সাবেক নৌ-পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চল) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কিশোরগঞ্জ নৌ পুলিশ অঞ্চলের চামটাঘাট নৌ পুলিশ ফাঁড়ি এলাকায় কতিপয় পুলিশ সদস্য কর্তৃক ধনু নদীতে চলাচলরত নৌযান থেকে অবৈধভাবে চাঁদা উত্তোলনের স্থিরচিত্র ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করে। এরই পরিপ্রেক্ষিতে চামটাঘাট নৌ-পুলিশ ফাঁড়িতে কর্মরত কনস্টেবল/৩১৮ মোঃ মিলন মিয়ার (বর্তমানে চাকরিচ্যুত) বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হলে তিনি উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়। বিভাগীয় মামলাটি তদন্তকালে এএসআই (নিরস্ত্র) মোহাম্মদ এনামুল হক, বিপি-৮৯১০১২৭২৬৬- কে সাক্ষ্য প্রদানের জন্য ডাকলে তিনি যথাযথ ইউনিফর্ম পরিধান না করে তার অফিসে হাজির হয়। একজন পুলিশ সদস্য হয়ে ইউনিফর্ম যথাযথভাবে পরিধান না করার বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত না করে তাকে হেনস্থা করেন। পরবর্তীতে উক্ত এএসআই সাক্ষ্য প্রদান সম্পন্ন না করে বিনানুমতিতে তার অফিস হতে প্রস্থান করেন। তিনি সাক্ষী হিসেবে উক্ত এএসআই কর্তৃক সাক্ষ্য প্রদান ব্যতিরেকে বিনা অনুমতিতে প্রস্থান করার বিষয়টি জিডিতে উল্লেখপূর্বক ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেননি; এবং

২। যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) বিধি মতে "অসদাচরণ" এর শামিল। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে ০৯-০৭-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তিনি ন্যায় বিচার প্রত্যাশা করে মামলা হতে অব্যাহতির জন্য প্রার্থনা করেন। কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করা হয়। বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে তাকে আরও বিবেচনাশীল ও সতর্কতার সাথে দায়িত্ব পালন করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয় বিধায় তাকে সতর্ক করে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায়; এবং

৪। সেহেতু জনাব মোঃ তানভীর ভূঞা, (বিপি-৭৩০৫১০৫২৬৪) সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, কিশোরগঞ্জ অঞ্চল বর্তমানে নৌ-পুলিশ, চট্টগ্রাম অঞ্চলে সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিচার বিশ্লেষণ করে সার্বিক বিবেচনায় তাকে সতর্ক করে আনীত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৫.২০২৫-৪৪৮**—যেহেতু জনাব মোঃ সহিদুর রহমান (বিপি-৮৪১১১৩৭৩০৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা মেট্রো-উত্তর বিভাগ ইতোপূর্বে সিআইডি, ময়মনসিংহ জেলায় কর্মরত থাকাকালে তাকেসহ অন্যান্য অফিসারদের গত ২২-০৬-২০২০ তারিখ বেলা ১১.১৫ ঘটিকায় সিআইডি, ময়মনসিংহ জেলার জিডি নং-৬৫ মোতাবেক এম/ইসহ অন্যান্য বিষয় সংক্রান্ত বিশেষ সভায় উপস্থিত থাকার জন্য অবহিত করা হয়। সে প্রেক্ষিতে ২৩-০৬-২০২০ তারিখ বেলা ১১.০০ টায় উক্ত সভায় সকল অফিসার উপস্থিত থাকলেও, তিনি অনুপস্থিত থাকেন। তিনিসহ আরো ০৪ (চার) জনকে জনাব মোঃ মজিবুর রহমান, ৯৬০১৯০ সিপিও (সিম্যান), সিপিসি-১, র‌্যাব-১, উত্তরা, ঢাকা সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে ২৩-০৬-২০২০ তারিখ আনুমানিক বিকাল ৫.১৫ ঘটিকায় কুমিল্লা জেলার দাউদকান্দি মডেল থানাধীন দাউদকান্দি টোল প্লাজার দক্ষিণ পার্শ্বের লেনের সাথে অবস্থিত জেনারেটর রুমের উত্তর পার্শ্বের পাকা রাস্তার উপর অবৈধভাবে ১৮৪৭০ পিস ইয়াবা ট্যাবলেট, ৪৫ বোতল ফেনসিডিল, ০৯টি মোবাইল ফোন, ১১৮১০ টাকা, ০২টি ল্যাপটপ, ০১টি মনিটর, ০১টি প্রাইভেটকার, ০১টি মটরসাইকেল ও ০২টি আইডি কার্ডসহ গ্রেফতার করে অফিসার ইনচার্জ, দাউদকান্দি মডেল থানা বরাবর প্রেরণ করেন। তার বিরুদ্ধে দাউদকান্দি মডেল থানার মামলা নং-২০, তারিখ ২৪-০৬-২০২০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর ধারা ৩৬(১) সারনি ১০(গ) ১৩(খ))/৩৮ রুজু হয় এবং তিনি উক্ত মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে আটক ছিলেন। তিনি ০১-১১-২০২০ তারিখ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ থেকে জামিন লাভ করেন এবং ০১-১২-২০২০ তারিখ রেঞ্জ ডিআইজির কার্যালয়, সিলেটে যোগদান করেন। উক্ত দাউদকান্দি মডেল থানার মামলা নং-২০, তারিখ : ২৪-০৬-২০২০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর ধারা ৩৬(১) সারনি ১০(গ) ১৩(খ))/৩৮ বিজ্ঞ আদালতে প্রমাণিত হয় নি এবং বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ ১ম আদালত, কুমিল্লা ২৭-০২-২০২৩ তারিখ তাকে বেকসুর খালাস প্রদান করেন; এবং

২। যেহেতু, তিনি ২২-০৬-২০২০ তারিখ হতে কর্মস্থলে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গরহাজির ছিলেন। তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে "১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ডাদেশ প্রদান করা হয়। তিনি ২৩-০৬-২০২০ হতে ২০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত সাময়িক বরখাস্ত ছিলেন। উক্ত মামলায় বিজ্ঞ আদালত হতে বেকসুর খালাস পাওয়ায় সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য করে উক্ত সময়ে তিনি যে বিধি মোতাবেক আর্থিক সুবিধাদি পেয়েছেন তার অতিরিক্ত আর কিছুই প্রাপ্য হবেন না মর্মে আদেশ প্রদান করা হয়। তিনি ২৩-০৬-২০২০ হতে ২০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত অর্থাৎ ০৩ বছর ০২ মাস এর বকেয়া বেতন ভাতাসহ অন্যান্য প্রাপ্য সুযোগ সুবিধা প্রদানের জন্য আপিল আবেদন করেছেন; এবং

৩। যেহেতু, আবেদন অনুযায়ী ০২-০৭-২০২৫ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসেবে তিনি ২৩-০৬-২০২০ হতে ২০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত অর্থাৎ ০৩ বছর ০২ মাস এর বকেয়া বেতন ভাতাসহ অন্যান্য প্রাপ্য সুযোগ সুবিধা প্রদানের প্রার্থনা করেন; এবং

৪। যেহেতু, আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করা হয়। জনাব মোঃ সহিদুর রহমান (বিপি-৮৪১১১৩৭৩০৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা মেট্রো-উত্তর বিভাগ ও সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ময়মনসিংহ জেলা ২২-০৬-২০২০ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে গরহাজির ছিলেন; ২৩-০৬-২০২০ তারিখ বর্ণিত মামলায় গ্রেফতার হন; ০১-১১-২০২০ তারিখ মামলা হতে জামিন প্রাপ্ত হন এবং ০১-১২-২০২০ তারিখ কর্মস্থলে যোগদান করেন;

৫। সেহেতু, জনাব মোঃ সহিদুর রহমান (বিপি-৮৪১১১৩৭৩০৬) নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা মেট্রো-উত্তর বিভাগ ও সাবেক নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ময়মনসিংহ জেলা ২২-০৬-২০২০ হতে ৩০-১১-২০২০ তারিখ পর্যন্ত সময় বিধি অনুযায়ী সাময়িক বরখাস্তকাল হিসেবে যে আর্থিক সুবিধাদি পেয়েছেন তার অতিরিক্ত আর কিছুই প্রাপ্য হবেন না এবং ০১-১২-২০২০ তারিখ হতে ২০-০৮-২০২৩ তারিখ পর্যন্ত সময়কালকে কর্মকাল হিসেবে গণ্য করে বিধি অনুযায়ী পূর্ণবেতন ও ভাতাদি প্রাপ্য হবেন মর্মে আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিমুল গনি**

সিনিয়র সচিব।

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ আষাঢ় ১৪৩২ বঃ/১৪ জুলাই ২০২৫ খ্রি.

নং **৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-২৩৪**—গত ২১ মার্চ ২০২৪ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৭৯ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহণের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশি টাকা কার্যকরকরণ সম্পর্কিত প্রক্রিয়া সম্পন্নকরণের নিমিত্ত সময় বৃদ্ধি করে ১৬ জানুয়ারি ২০২৬ তারিখ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুমানা ইয়াসমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**বাজেট-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আষাঢ় ১৪৩২/০৮ জুলাই ২০২৫

নং **৫৯.০০.০০০০.১৪৭.২০.০১১.২৪-২৫১**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন দপ্তরসমূহের কর বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) এর রেইটসমূহ/সেবামূল্য/ফিসমূহ হালনাগাদ করে নিম্নোক্ত ছক ও শর্ত মোতাবেক নির্ধারণ করা হলো :

**পরিবার পরিকল্পনা অধিদপ্তর :**

| পরিষেবা/খাত | রেইট/সেবামূল্য/ফি |
|---|---|
| ভাড়া আবাসিক | সিটি কর্পোরেশন/পৌর এলাকার ক্ষেত্রে টিনশেড বাসার জন্য মূল্য বেতনের ১০% এবং সর্বোচ্চ ২,৫০০/- টাকা, ছাদ ঢালাই বাসার ক্ষেত্রে ১২% এবং সর্বোচ্চ ৩,০০০/- নির্ধারণ,<br>অন্যান্য এলাকার ক্ষেত্রে টিনশেড বাসার জন্য মূল্য বেতনের ৮% এবং সর্বোচ্চ ২,০০০/- টাকা, ছাদ ঢালাই বাসার ক্ষেত্রে শতকরা ১০% এবং সর্বোচ্চ ২,৫০০/- টাকা নির্ধারণ |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা ফি (কনডম) | প্রতি ডজন কনডম ডজন ২.০০ টাকা নির্ধারণ। |
| নিজস্ব প্রতিষ্ঠানের সভা কক্ষ/প্রশিক্ষণ কক্ষের ভাড়া | সরকারি প্রতিষ্ঠানের জন্য ১৫০০/- এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ৩,০০০/- (দৈনিক হারে) |
| নিজস্ব অফিস ভবন সংলগ্ন গেস্ট রুম ভাড়া (ওয়াসরুমসহ প্রতিটি কক্ষ ১৫ ফুট× ১১.৫ ফুট) | এসি রুম দৈনিক ১০০/-<br>নন এসি রুম দৈনিক ৫০/-<br>একাধারে ৫ দিনের বেশি হলে এসি রুম দৈনিক ১৫০/-<br>নন এসি রুম দৈনিক ৮০/- টাকা নির্ধারণ |
| জেলা পর্যায়ের MCWC সংলগ্ন আবাসিক কোয়ার্টার (চিকিৎসকদের) | ৮৮০০/- নির্ধারিত (৯ম গ্রেডের প্রারম্ভিক মূল্য বেতনের সমুদয় বাড়ি ভাড়া)। |

**স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর :**

| ক্রম | পরিষেবা/খাত | রেইট/সেবামূল্য/ফি |
|---|---|---|
| ১ | ভর্তি ফি | ২০০/- (এককালীন) (শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সময়) |
| ২ | টিউশন ফি | ৩০০/- বার্ষিক |
| ৩ | সিট ভাড়া | ৫০/- মাসিক (হোস্টেল সিট ভাড়া) |

**নিপোর্ট :**

| প্রতিষ্ঠান | খাত | আইটেমসমূহ | রেইট/সেবামূল্য/ফি |
|---|---|---|---|
| নিপোর্ট প্রধান কার্যালয় | ভাড়া অনাবাসিক | অডিটরিয়াম | সরকারি-২০,০০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৩০,০০০/- (প্রতিদিন) |
| | | শ্রেণিকক্ষ | সরকারি-৫,০০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৭,৫০০/- (প্রতিদিন) |
| | | ডাইনিং কক্ষ | সরকারি-১০,০০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-২০,০০০/- (প্রতিদিন) |
| | ভাড়া আবাসিক | হোস্টেল-নিপোর্টে কর্মরত কর্মকর্তা কর্মচারী/ফ্যাকাল্টি মেম্বার | কর্মকর্তা-২০০/- (প্রতিসিট)<br>কর্মচারী-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল প্রশিক্ষণার্থী কর্মকর্তা | সরকারি-২৫০/- (প্রতিসিট)<br>বেসরকারি-৪০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল প্রশিক্ষণার্থী কর্মচারী | সরকারি-১০০/- (প্রতিসিট)<br>বেসরকারি-২০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-অন্যান্য অতিথি | সরকারি-৩০০/- (প্রতিসিট)<br>বেসরকারি-৫০০/- (প্রতিসিট) |
| আরপিটিআই | ভাড়া অনাবাসিক | অডিটরিয়াম | সরকারি-৪,৫০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৭,৫০০/- (প্রতিদিন) |
| | | শ্রেণিকক্ষ | সরকারি-৩,০০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৪,৫০০/- (প্রতিদিন) |
| | | ডাইনিং কক্ষ | সরকারি-৩,০০০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৭,৫০০/- (প্রতিদিন) |

| প্রতিষ্ঠান | খাত | আইটেমসমূহ | রেইট/সেবামূল্য/ফি |
|---|---|---|---|
| আরপিটিআই | ভাড়া আবাসিক | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা short Course) বিভাগীয় শহর | সরকারি-১৫০/- (প্রতিসিট)<br>বেসরকারি-৩০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা short Course) জেলা শহর | সরকারি-১৫০/- (প্রতিসিট)<br>বেসরকারি-২০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী short Course) বিভাগীয় শহর | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী short Course) জেলা শহর | সরকারি-৭০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা Long Course) বিভাগীয় শহর | সরকারি-১০০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা Long Course) জেলা শহর | সরকারি-১০০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী Long Course) বিভাগীয় শহর | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী Long Course) জেলা শহর | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-অন্যান্য অতিথি (বিভাগীয় ও জেলা শহর) | সরকারি-২০০/- (প্রতিসিট)<br>বেসরকারি-৪০০/- (প্রতিসিট) |
| আরটিসি | ভাড়া অনাবাসিক | শ্রেণিকক্ষ ভাড়া | সরকারি-২,২৫০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৩,৭৫০/- (প্রতিদিন) |
| | | ডাইনিং কক্ষ | সরকারি-২,২৫০/- (প্রতিদিন)<br>বেসরকারি-৩,৭৫০/- (প্রতিদিন) |
| | ভাড়া আবাসিক | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা Short Course) | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১৫০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মকর্তা- long Course) | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-২৫০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী- Short Course) | সরকারি-৮০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-প্রশিক্ষণার্থী (কর্মচারী- long Course) | সরকারি-৬০/- (প্রতিসিট)<br>বেসরকারি-১০০/- (প্রতিসিট) |
| | | হোস্টেল-অন্যান্য অতিথি | সরকারি-১৫০/-<br>বেসরকারি-২৫০/- |

**নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর :**

| **ক্রম** | **নার্সিং কোর্সের নাম** | **খাত** | **রেইট/ সেবামূল্য/ফি** |
|---|---|---|---|
| ১ | ডিপ্লোমা ইন-মিডওয়াইফারি ৩ বছরের কোর্স | ভর্তি ফি | ২০০/- |
| | | মাসিক বেতন | ৫০/- |
| ২ | ডিপ্লোমা ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ৩ বছরের কোর্স | ভর্তি ফি | ২০০/- |
| | | মাসিক বেতন | ৫০/- |
| ৩ | ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি নার্সিং) ৪ বছরের কোর্স | ভর্তি ফি | ২০০/- |
| | | মাসিক বেতন | ৬০/- |

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বর ০৭.০০.০০০০.০০০.১৪৩.৯৯.০০০১.২১.৩৩, তারিখ : ২৬ জুন ২০২৫ এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসহ অর্থ বিভাগের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর করা হবে।

৩। উল্লেখ্য, আদায়কৃত ভাড়া সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে জারীকৃত "কর বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) বা এনটিআর এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Tax Revenue) বা নন-এনবিআর কর রাজস্ব সংগ্রহ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা-২০২৪" অনুসরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইসমাইল**

সহকারী সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**পরিপত্র**

তারিখ: ১৫ ই শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ৩০ শে জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ০৩.০৭.০০০০.০০০.০১৭.২২.০০১৩.২৫.৩১—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ( বেজা )-এর নির্বাহী বোর্ডের ১৫১ ও ১৫২ তম সভার যথাক্রমে ১২ এবং ১০ নং সিদ্ধান্তের আলোকে, ট্রেড লাইসেন্স এর জন্য অর্থবছরভিত্তিক নবায়নের বিধানসহ পুনঃনির্ধারিত ফি এবং ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৮ এর তফসিলে বর্ণিত ও বিধিমালা বর্হিভূত সেবাসমূহের ফি এতদ্দ্বারা সংকলন করা হইল এবং উক্ত ফি সমূহ নিম্নবর্ণিত ছকে উল্লেখ করা হইল:

**বেজা ওএসএস বিধিমালায় বর্ণিত সেবা ও সেবাসমূহের মূল্য:**

<table>
<tr><td>ক্রমিক নং</td><td>সেবার নাম<br>( বেজা ওএসএস বিধিমালার ক্রমিক নং সহ )</td><td colspan="3">প্রযোজ্য ফি এবং ভ্যাট</td></tr>
<tr><td>১</td><td>বিনিয়োগ রেজিস্ট্রেশন/বিনিয়োগ ছাড়পত্র</td><td colspan="3">৫০০ মার্কিন ডলার + ১৫% ভ্যাট</td></tr>
<tr><td rowspan="4">২</td><td rowspan="4">ট্রেড লাইসেন্স</td><td>পরিশোধিত মূলধন ৫০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>৫০০০ টাকা</td><td rowspan="4">ট্রেড লাইসেন্স এর ফি এর উপর ১৫% ভ্যাট এবং বেজা'র আবেদন ফি ৫০০ টাকা</td></tr>
<tr><td>পরিশোধিত মূলধন ৫০ লক্ষ টাকা হইতে ১ কোটি টাকা পর্যন্ত</td><td>১০০০০ টাকা</td></tr>
<tr><td>পরিশোধিত মূলধন ১ কোটি টাকা হইতে ৫ কোটি টাকা পর্যন্ত</td><td>২৫০০০ টাকা</td></tr>
<tr><td>পরিশোধিত মূলধন ৫ কোটি টাকার উর্ধ্বে</td><td>৪০০০০ টাকা</td></tr>
</table>

| ক্রমিক নং | সেবার নাম<br>( বেজা ওএসএস বিধিমালার ক্রমিক নং সহ ) | প্রযোজ্য ফি এবং ভ্যাট |
|---|---|---|
| ৩ | ভিসার সুপারিশপত্র/ভিসা এসিস্টেন্স | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৪ | ওয়ার্ক পারমিট ইস্যুকরণ | ১০,০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৫ | ওয়ার্ক পারমিট বর্ধিতকরণ | ১০,০০০ টাকা/বছর + ১৫% ভ্যাট |
| ৬ | বিদ্যমান ভূমি ব্যবহার পরিকল্পনা অনুমোদন | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৭ | নির্মাণ ছাড়পত্র (ভবনের নকশা অনুমোদন) | পরিশিষ্ট-ক + ১৫% ভ্যাট |
| ৮ | চূড়ান্ত পরিদর্শন ও ব্যবহারের সনদ প্রদান | ২০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৯ | নকশা পরিবর্তনের অনুমোদন | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১০ | আংশিক ভবন ব্যবহারের অনুমোদন | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১১ | জেনারেটর আমদানি/স্থাপনের অনুমতি | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১২ | জেনারেটর ব্যবহারের সনদ প্রদান (পরিদর্শনসহ) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১৩ | জেনারেটর ব্যবহারের সনদ নবায়ন (পরিদর্শনসহ) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১৪ | বিভিন্ন প্রকার প্রণোদনার সুপারিশ | বিনামূল্যে |
| ১৫ | বৈদেশিক ঋণের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১৬ | ব্যাংক ঋণ অনাপত্তিপত্র | ৫০০০ + ১৫% ভ্যাট |
| ১৭ | অফশোর ব্যাংকিং অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১৮ | কারিগরি জ্ঞান ও সহায়তা ফি প্রত্যাবাসন অনুমোদন (আমদানিকৃত যন্ত্রপাতির ব্যয়ের ৬% বেশি হলে) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ১৯ | রয়্যালিটি প্রত্যাবাসন অনুমোদন (বিগত বছরের আয়কর রিটার্নে প্রদর্শিত বিক্রির ৬% বেশি হলে) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২০ | মুনাফা ও লভ্যাংশ প্রত্যাবাসনের সুপারিশ | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২১ | স্টক এক্সচেঞ্জ-এ অ-তালিকাভুক্ত কোম্পানিতে অনিবাসি কর্তৃক ধারণকৃত শেয়ার নিবাসীর নিকট বিক্রয়ের ফলে প্রাপ্ত অর্থ বিদেশে প্রত্যাবাসন এর সুপারিশ | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২২ | কোম্পানি অবলুপ্তির ক্ষেত্রে আনুপাতিক হারে অবশিষ্ট অর্থ বিদেশে প্রত্যাবাসন এর সুপারিশ | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৩ | সাধারণ প্রাধিকার বহির্ভূত কনসালটেন্সি ফি প্রেরণ সংক্রান্ত অনুমতির সুপারিশ | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৪ | আমদানি অনুমতি | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৫ | রপ্তানি অনুমতি | ৫০০ + ১৫% ভ্যাট |

| ক্রমিক নং | সেবার নাম<br>( বেজা ওএসএস বিধিমালার ক্রমিক নং সহ ) | প্রযোজ্য ফি এবং ভ্যাট |
|---|---|---|
| ২৬ | নমুনা অনুমোদন (আমদানি) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৭ | নমুনা অনুমোদন (রপ্তানি) | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৮ | স্থানীয় ক্রয় অনুমোদন | ৫০০ + ১৫% ভ্যাট |
| ২৯ | স্থানীয় বিক্রয় অনুমোদন | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩০ | সাব-কন্ট্রাক্ট অনুমোদন | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩১ | বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপনের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩২ | বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপনের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩৩ | পানি শোধনাগার স্থাপনের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩৪ | সিইটিপি স্থাপনের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩৫ | সুয়েজ পরিশোধনাগার স্থাপনের অনাপত্তিপত্র | ৫০০ + ১৫% ভ্যাট |
| ৩৬ | বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের প্রত্যয়নপত্র (পরিদর্শনসহ) | ৫০০ + ১৫% ভ্যাট |

**বেজা ওএসএস বিধিমালা বহির্ভূত সেবা ও সেবাসমূহের মূল্য:**

| ক্রমিক নং | সেবার নাম | প্রযোজ্য ফি এবং ভ্যাট |
|---|---|---|
| ১ | প্রজেক্ট ক্লিয়ারেন্স/ রেজিস্ট্রেশন সংশোধন | ৫০ মার্কিন ডলার + ১৫% ভ্যাট |
| ২ | ওয়ার্ক পারমিট সংশোধন | ১০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৩ | ওয়ার্ক পারমিট বাতিল | ১০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৪ | ইম্পোর্ট পারমিট সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৫ | এক্সপোর্ট পারমিট সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৬ | ট্রেড লাইসেন্স সংশোধন | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৭ | ভিসা রিকমেন্ডেশন/ ভিসা এসিসটেন্স সংশোধন | ২৫০ টাকা + ১৫% ভ্যাট |
| ৮ | ইম্পোর্ট কাম এক্সপোর্ট পারমিট | ১০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৯ | ইম্পোর্ট কাম এক্সপোর্ট পারমিট সংশোধন | ২০০ টাকা + ১৫% ভ্যাট |
| ১০ | ব্যাংক ঋণ অনাপত্তিপত্র সংশোধন | ১০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ১১ | নগদ প্রণোদনা (প্রতি EXP) | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |
| ১২ | মাষ্টার প্ল্যান/ ডিজাইন অনুমোদন/সংশোধন ফি পুনর্নির্ধারণ | প্রতি একর ২০ মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা (সর্বনিম্ন ৫০,০০০ টাকা) + ১৫ % ভ্যাট |

**বেসরকারি অর্থনৈতিক অঞ্চল সংশ্লিষ্ট সেবা ও সেবাসমূহের মূল্য:**

| ক্রমিক নং | সেবার নাম | প্রযোজ্য ফি এবং ভ্যাট |
|---|---|---|
| ১ | বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রাপ্তির আবদনপত্র | ৫০০০ টাকা + ১৫% ভ্যাট |
| ২ | বেসরকারি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার নিমিত্ত প্রাক যোগ্যতাপত্র প্রাপ্তির জন্য এককালীন অফেরতযোগ্য ফি | ১০,০০০ মার্কিন ডলার বা সমপরিমাণ বাংলাদেশি টাকা + ১৫% ভ্যাট |
| ৩ | বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের প্রাক যোগ্যতাপত্রের মেয়াদ বৃদ্ধির ফি | ১৫,০০০ মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা + ১৫% ভ্যাট |
| ৪ | বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের অনুকূলে প্রদানকৃত লাইসেন্স ফি | ২০,০০০ মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা + ১৫% ভ্যাট |
| ৫ | বেসরকারি অর্থনৈতিক অঞ্চলের বাৎসরিক ফি নির্ধারণ | ৫,০০০ মার্কিন ডলার বা সমপরিমাণ টাকা + ১৫% ভ্যাট |

**পরিশিষ্ট -ক নির্মাণ ছাড়পত্র (ভবনের নকশা অনুমোদন)**

| ক্র নং | প্রতিটি ভবনের সকল তলা মিলিয়ে সর্বমোট মেঝে এলাকা | প্রতি বর্গমিটারের জন্য ফি (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | ৫ হাজার বর্গমিটার পর্যন্ত | ০.২৫ |
| ২ | ৫ হাজার বর্গমিটারের উর্ধ্ব হতে ১৫ হাজার বর্গমিটার পর্যন্ত | ০.১৫ |
| ৩ | ১৫ হাজার বর্গমিটারের উর্ধ্ব হতে ৩০ হাজার বর্গমিটার পর্যন্ত | ০.১২৫ |
| ৪ | ৩০ হাজার বর্গমিটারের উর্ধ্ব হতে ৬০ হাজার বর্গমিটার পর্যন্ত | ০.১০ |
| ৫ | ৬০ হাজার বর্গমিটারের উর্ধ্ব হতে ১০০ হাজার বর্গমিটার পর্যন্ত | ০.০৮ |
| ৬ | ১০০ হাজার বর্গমিটারের উর্ধ্বে | ০.০৭ |

**অনলাইনে প্রদত্ত অন্যান্য সেবা ও সেবাসমূহের মূল্য**

| ক্রমিক নং | সেবার নাম | প্রযোজ্য ফি এবং ভ্যাট |
|---|---|---|
| ১ | স্থানীয় ক্রয়/বিক্রয়ের অনুমোদনের সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ২ | নমুনা আমদানি/রপ্তানি অনুমোদন সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৩ | ভূমি ব্যবহার পরিকল্পনা অনুমোদনের সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৪ | বাণিজ্যিক উৎপাদন সনদ সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৫ | অকুপেন্সি সনদের সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৬ | ট্রেড লাইসেন্সের সংশোধন | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৭ | কারিগরি জ্ঞান ও সহায়তা ফি প্রত্যাবাসন অনুমোদনের সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৮ | রয়্যালিটি প্রত্যাবাসন অনুমোদনের সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ৯ | নকশা পরিবর্তনের অনুমোদন সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ১০ | আংশিক ভবন ব্যবহারের অনুমোদন সংশোধন | ১০০ টাকা + ১৫% ভ্যাট |
| ১১ | অন্য দপ্তরের সাথে অনলাইন integration সম্পাদনের মাধ্যমে উক্ত দপ্তর কর্তৃক গৃহীত সেবা মূল্যের সাথে platform fee হিসেবে গৃহীত ফি | ৫০০ টাকা + ১৫% ভ্যাট |

**ট্রেড লাইসেন্স নবায়ন**

ক. নবায়নযোগ্য ট্রেড লাইসেন্সসমূহ অর্থবছর ভিত্তিতে নবায়ন করিতে হইবে।

খ. এই পরিপত্র জারির পূর্বে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স প্রথমবার নবায়নের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণের তারিখ হইতে ৩০ জুন পর্যন্ত সময়ের জন্য পূর্বে নির্ধারিত প্রযোজ্য ফি-এর আনুপাতিক হারে ফি পরিশোধপূর্বক নবায়ন করিতে হইবে এবং অব্যবহিত পরবর্তী অর্থবছর হইতে পুনঃনির্ধারিত ফি পরিশোধপূর্বক অর্থবছরভিত্তিক নবায়ন করিতে হইবে।

এই পরিপত্র অবিলম্বে কার্যকর হইবে।

**মোঃ খায়রুল হাসান**
যুগ্মসচিব।